# PUMDET-2019

## Subject : BENGALI

(Booklet Number)

সময় : ৯০ মিনিট

সর্বাধিক নম্বর : ১০০

### নির্দেশাবলী

১. এই প্রশ্নপত্রের সব প্রশ্নই অবজেক্টিভ প্রশ্ন এবং প্রতিটি প্রশ্নের চারটি সম্ভাব্য উত্তর দেওয়া আছে যার একটি মাত্র সঠিক। সঠিক উত্তর দিলে 2 নম্বর পাবে। ভুল উত্তর দিলে অথবা একাধিক উত্তর দিলে ½ নম্বর কাটা যাবে।

২. OMR পত্রে A, B, C, D চিহ্নিত সঠিক ঘরটি ভরাট করে উত্তর দিতে হবে।

৩. OMR পত্রে উত্তর দিতে শুধুমাত্র **কালো** বা **নীল** বল পয়েন্ট পেন ব্যবহার করবে।

৪. OMR পত্রে নির্দিষ্ট স্থান ছাড়া অন্য কোথাও কোনো দাগ দেবে না।

৫. **OMR** পত্রে নির্দিষ্ট স্থানে প্রশ্নপত্রের নম্বর এবং নিজের রোল নম্বর অতি সাবধানতার সাথে লিখতে হবে এবং প্রয়োজনীয় ঘরগুলি পূরণ করতে হবে।

৬. OMR পত্রে নির্দিষ্ট স্থানে নিজের নাম ও পরীক্ষাকেন্দ্রের নাম লিখতে হবে এবং নিজের সম্পূর্ণ স্বাক্ষর দিতে হবে।

৭. প্রশ্নপত্রের নম্বর বা রোল নম্বর ভুল লিখলে অথবা ভুল ঘর ভরাট করলে, পরীক্ষার্থীর নাম, পরীক্ষাকেন্দ্রের নাম বা স্বাক্ষরে কোনো ভুল থাকলে উত্তরপত্র বাতিল হয়ে যেতে পারে। OMR পত্রটি ভাঁজ হলে বা তাতে অনাবশ্যক দাগ পড়লেও বাতিল হয়ে যেতে পারে। পরীক্ষার্থীর এই ধরনের ভুল বা অসর্তকতার জন্য উত্তরপত্র বাতিল হলে একমাত্র পরীক্ষার্থী নিজেই তার জন্য দায়ী থাকবে।

৮. মোবাইল ফোন, ক্যালকুলেটর, স্লাইডরুল, লগটেবল, হাতঘড়ি, রেখাচিত্র, গ্রাফ বা কোনো ধরনের তালিকা পরীক্ষাকক্ষে আনা যাবে না। আনলে সেটি বাজেয়াপ্ত হবে এবং পরীক্ষার্থীর ওই পরীক্ষা বাতিল করা হবে।

৯. প্রশ্নপত্রের শেষে রাফ কাজ করার জন্য ফাঁকা জায়গা দেওয়া আছে। অন্য কোনো কাগজ এই কাজে ব্যবহার করবে না।

১০. পরীক্ষাকক্ষ ছাড়ার আগে OMR পত্র অবশ্যই পরিদর্শককে দিয়ে যাবে।

OFFICE COPY
CONFIDENTIAL

# BENGALI

1. হরপ্রসাদ শাস্ত্রী আবিষ্কৃত পুথিতে চর্যাগানগুলির ক্রমিক সংখ্যা দেওয়া আছে

   (A) গানের সূচনায় (B) গানের শেষে

   (C) সংস্কৃত টীকার সূচনায় (D) সংস্কৃত টীকার শেষে

2. গৃহহীন ভ্রাম্যমান অবস্থায় যেখানে পৌঁছে মুকুন্দ চক্রবর্তী দেবীর স্বপ্নাদেশ লাভ করেছিলেন, সেটি হল :

   (A) আড়রা (B) তেউট্যা

   (C) কুচট্যা (D) ভেঠনা

OFFICE COPY

3. প্রাচীন ভারতীয় মন্দির স্থাপত্যশৈলীর ভিন্নতা মূলত

   (A) ভূমি নকশা নির্ভর

   (B) গর্ভগৃহের চাল বা ছাদের রূপ ও আকৃতি নির্ভর

   (C) গর্ভগৃহের আয়তন ও আকৃতি নির্ভর

   (D) গর্ভগৃহের বহিঃপ্রাচীরের অলঙ্করণ নির্ভর

4. 'আলো ও ছায়া' কাব্যগ্রন্থের রচয়িতা:

   (A) কামিনী রায় (B) গিরীন্দ্রমোহিনী দাসী

   (C) দেবেন্দ্রনাথ সেন (D) অক্ষয় কুমার বড়াল

9. অসমের ভাষা ও সংস্কৃতির প্রসার ও উন্নতির জন্য 'অসম সাহিত্য সভা' প্রতিষ্ঠিত হয়েছিল

(A) ১৯১৫ সালে
(B) ১৯১৭ সালে
(C) ১৯২২ সালে
(D) ১৯২৯ সালে

10. প্রেমেন্দ্র মিত্র-র 'মহানগর' গল্পটি প্রথম প্রকাশিত হয়েছিল:

(A) 'কল্লোল'-এ
(B) 'কালিকলম'-এ
(C) 'প্রবাসী'-তে
(D) 'দেশ'-এ

11. 'নতুন ইহুদী' নাটকটির রচয়িতা

(A) বিজন ভট্টাচার্য
(B) সলিল সেন
(C) দিগিন্দ্রচন্দ্র বন্দোপাধ্যায়
(D) শচীন্দ্রনাথ সেনগুপ্ত

OFFICE COPY

12. "সাহিত্য ঠিক প্রকৃতির আর্শি নহে। কেবল সাহিত্য কেন, কোনো কলাবিদ্যাই প্রকৃতির যথাযথ অনুকরণ নহে।" যে প্রবন্ধে রবীন্দ্রনাথ এই কথা বলেছেন, সেটি হল:

(A) 'সাহিত্য সৃষ্টি'
(B) 'সাহিত্যের সামগ্রী'
(C) 'সাহিত্যের বিচারক'
(D) 'সাহিত্যের তাৎপর্য'

17. তালিকায় প্রদত্ত নাটকগুলির মধ্যে যে নাটকটির উপাদান ভাস, রামায়ণ থেকে সংগ্রহ করেছিলেন, সেটি হল

(A) 'বালচরিত'
(B) 'দূতকাব্য'
(C) 'প্রতিমা'
(D) 'প্রতিজ্ঞা যৌগন্ধরায়ন'

18. সাধু ভাষায় ব্যবহৃত 'প্রোথিত' শব্দটি, একটি

(A) সঙ্কর শব্দ
(B) জোড়কলম শব্দ
(C) ভুয়া শব্দ
(D) অনুগামী শব্দ

19. তামিল সাহিত্যে যাঁকে 'মহাকবি ভারতী' বলা হয়, তিনি হলেন

(A) স্বামীনাথন আইয়ার
(B) চিন্নাস্বামী সুব্রহ্মণ্য ভারতী
(C) গোপালকৃষ্ণ ভারতী
(D) রামলিঙ্গ আদিগাল

OFFICE COPY

20. 'চারুপাঠ' বইটির রচয়িতা

(A) মৃত্যুঞ্জয় বিদ্যালঙ্কার
(B) ভূদেব মুখোপাধ্যায়
(C) অক্ষয়কুমার দত্ত
(D) রাজনারায়ণ বসু

**25.** রঙ্গলালের 'বাঙ্গালা কবিতা বিষয়ক প্রবন্ধ' পঠিত হয়েছিল

(A) বীটন সোসাইটিতে
(B) বিদ্যোৎসাহিনী সভায়
(C) হিন্দু কলেজে
(D) সংস্কৃত কলেজে

**26.** সংস্কৃত নাটকে নারী ও অশিক্ষিত পুরুষের সংলাপে যে ভাষা ব্যবহৃত হয়েছে, সেটি হল

(A) মাগধী প্রাকৃত
(B) অর্ধমাগধী প্রাকৃত
(C) মাহারাষ্ট্রী প্রাকৃত
(D) শৌরসেনী প্রাকৃত

**27.** 'তোমার সৃষ্টির পথ রেখেছ আকীর্ণ করি' কবিতাটি 'শেষ লেখা' কাব্যগ্রন্থের

OFFICE COPY

(A) ১২ সংখ্যক কবিতা
(B) ১৪ সংখ্যক কবিতা
(C) ১৫ সংখ্যক কবিতা
(D) ১৬ সংখ্যক কবিতা

**28.** কবি যতীন্দ্রনাথ সেনগুপ্ত-র 'শরতে বঙ্গভূমি' কবিতাটি একটি

(A) ব্যঙ্গ কবিতা
(B) লালিকা
(C) রূপক কবিতা
(D) শোক কবিতা

**33.** সুভাষ মুখোপাধ্যায়ের 'ভূতের বেগার' একটি

(A) ছড়ার বই
(B) কবিতার বই
(C) স্মৃতিকথা
(D) প্রবন্ধের বই

**34.** আধুনিক হিন্দিতে লেখা প্রথম গদ্যরচনাটি হল

(A) 'কুসুমকুমারী'
(B) 'চন্দ্রকান্তা'
(C) 'রাগ দরবারী'
(D) 'গোদান'

**35.** 'পঁচিশ বছরের প্রেমের কবিতা' বইটি সম্পাদনা করেছিলেন

OFFICE COPY

(A) বুদ্ধদেব বসু
(B) দেবীপ্রসাদ বন্দ্যোপাধ্যায় ও অলোকরঞ্জন দাশগুপ্ত
(C) আবু সৈয়দ আইয়ুব
(D) সুনীল গঙ্গোপাধ্যায়

**36.** যে গ্রন্থের জন্য বুদ্ধদেব বসু 'সাহিত্য আকাদমি' পুরস্কার পেয়েছিলেন, সেটি হল

(A) 'মহাভারতের কথা'
(B) 'তপস্বী ও তরঙ্গিনী'
(C) 'যে আঁধার আলোর অধিক'
(D) 'তিথিডোর'

41. 'অমিয় নিমাই চরিত' বইটির লেখক

(A) বিজয়কৃষ্ণ গোস্বামী

(B) রঘুনাথ দাস

(C) শিশির কুমার ঘোষ

(D) রামগোপাল দাস

42. শাক্ত পদাবলীর 'ভক্তের আকৃতি' পর্যায়ের "চরণ ধ'রে আছি পড়ে একবার চেয়ে দেখিস্ না মা" গানটি যাঁর লেখা, তিনি হলেন

OFFICE COPY

(A) রামপ্রসাদ সেন

(B) নজরুল

(C) গিরিশচন্দ্র ঘোষ

(D) দ্বিজেন্দ্রলাল রায়

43. তালিকায় প্রদত্ত প্রবন্ধগুলির মধ্যে যে প্রবন্ধটি আদতে ছিল রামচন্দ্র মুখোপাধ্যায়ের 'দানবদলন কাব্য'-র সমালোচনা, সেটি হল

(A) 'প্রকৃত এবং অতিপ্রকৃত'

(B) 'বিদ্যাপতি ও জয়দেব'

(C) 'গীতিকাব্য'

(D) 'অনুকরণ'

47. 'পূর্বাশা' পত্রিকায় ওয়ালীউল্লাহ্-র প্রথম যে গল্পটি প্রকাশিত হয়, তার নাম

(A) 'একটি তুলসী গাছের কাহিনী'

(B) 'গ্রীষ্মের ছুটি'

(C) 'নয়নচারা'

(D) 'মৃত্যুযাত্রা'

48. যে ছন্দকে প্রবোধচন্দ্র সেন বলেন 'দলবৃত্ত' অমূল্যধন মুখোপাধ্যায় তাকেই বলেছেন

(A) স্বরবৃত্ত

(B) শ্বাসাঘাতপ্রধান

(C) ছড়ার ছন্দ

(D) প্রাকৃত ছন্দ

49. 'ঝড়ের দোলা' একটি

(A) কাব্যগ্রন্থ

(B) গল্পগ্রন্থ

(C) নাটক

(D) উপন্যাস

50. 'দেশভাগ - দেশত্যাগ' বইটির লেখক

(A) সন্দীপ বন্দ্যোপাধ্যায়

(B) হাসান আজিজুল হক

(C) অধীর বিশ্বাস

(D) হিরণ্ময় বন্দ্যোপাধ্যায়